

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখা-১৩  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০২৬.২০০৯.৮২


তারিখ: ০৫/০৩/২০১৫ খ্রি:

বিষয়: বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত জনবলের এমপিও সংক্রান্ত কতিপয় বিষয়ের স্পষ্টীকরণ ও সিদ্ধান্ত প্রদান।

সূত্র: ওএম-৭৪-ম/২০১৪/১৫৭৬৯ তারিখ: ০৮/১২/২০১৪

উপর্যুক্ত সূত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক যাচিত বিষয়সমূহ নিম্নরূপভাবে নির্দেশক্রমে স্পষ্টীকরণ করা হলো :

১. শিক্ষা মন্ত্রণালয়ের ১২.১২.২০০২ তারিখের ১৫/১০ উনি-৬/২০০২/১০ সংখ্যক পত্রে 'বি.এগ.এড ডিগ্রী প্রাপ্ত ব্যক্তিগণ মাধ্যমিক বিদ্যালয়/দাখিল মাদ্রাসায় কৃষি শিক্ষক হিসেবে নিয়োগ লাভ করেছে তাদের বি.এড ডিগ্রীধারীগণের সমান বেতন স্কেল এবং এম.এড কোর্সে ভর্তির সুবিধাসহ অন্যান্য সুযোগ সুবিধা প্রদানের উল্লেখ রয়েছে। সে প্রেক্ষিতে উনুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক বি.এগ.এডকে বি.এড এর সমতুল্য ঘোষণা করে বিজ্ঞপ্তি জারি করা হয়। বর্ণিত অবস্থায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বিধি মোতাবেক নিয়োগ প্রাপ্ত বি.এগ.এড ডিগ্রীধারীদের বি.এড এর অনুরূপ সমান বেতন-স্কেল এবং অন্যান্য সুযোগ সুবিধা প্রদানে কোন বাধা নেই।
২. এমতাবস্থায়, মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত পরিপত্র/পত্রাদেশ অনুযায়ী বি.পি.এড/বি.এগ.এড/বেল্ট সনদধারীদের নিয়োগ, এমপিওভুক্তি ও স্কেল প্রদানের ক্ষেত্রে বি.এড এর অনুরূপ সুযোগ সুবিধা প্রাপ্য হবেন।
৩. এমপিও নীতিমালা ৪ ফেব্রুয়ারি, ২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর পূর্বে বিধি মোতাবেক নিয়োগ প্রাপ্ত বিজ্ঞান বিভাগের শিক্ষক যাদের স্নাতক শ্রেণিতে পাঠ্য হিসেবে পদার্থ/রসায়ন বিষয় নেই তারা এমপিওভুক্তির সুযোগ পাবেন। তবে সংশোধিত নীতিমালা জারির পর প্রকাশিক বিজ্ঞপ্তির আলোকে নিয়োগকৃত (পদার্থ/রসায়ন-এ নিবন্ধন ব্যতীত) বিজ্ঞান শিক্ষকদের এমপিওভুক্তির কোন সুযোগ নেই।
৪. এমপিওভুক্ত শিক্ষকগণ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বেসরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ হতে বি.এড ডিগ্রী গ্রহণ করলে বি.এড স্কেল পাবেন কিনা সে বিষয়টি মহামান্য আদালতে বিচার্য থাকায় এ বিষয়ে সিদ্ধান্ত প্রদানের সুযোগ নেই।



(আবু কায়সার খান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৪০৫১৭

মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব সচিব (সাপ্র...১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা শিক্ষা মন্ত্রণালয় ঢাকা।